



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সীগঞ্জ।

বিজ্ঞপ্তি

তারিখঃ ০৯/০৫/২০১৭ খ্রিস্টাব্দ

২০১৭-১৮ শিক্ষাবর্ষে ঢাকা বোর্ডে একাদশ শ্রেণীতে ভর্তির জন্য আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি।

ভর্তির যোগ্যতা ও নিয়মাবলী:

- ২০১৫, ২০১৬, ২০১৭ সালে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালে এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০১৭-১৮ শিক্ষাবর্ষে নীতিমালার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে কোন কলেজ/সমমানের প্রতিষ্ঠানে একাদশ শ্রেণীতে ভর্তির যোগ্য বিবেচিত হবে।
- ভর্তির জন্য কোন বাছাই বা ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে না। কেবল শিক্ষার্থীর এস.এস.সি বা সমমান পরীক্ষার ফলের ভিত্তিতে ভর্তি করা হবে।
- বিভাগীয় এবং জেলা সদরের কলেজ/সমমানের প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ৮৯% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে এবং অবশিষ্ট আসনের মধ্যে ৫% মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য, ৩% বিভাগীয় এবং জেলা সদরের বাইরের শিক্ষার্থীদের জন্য, ২% শিক্ষা মন্ত্রণালয় এর অধঃস্তন দপ্তরসমূহ এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা, শিক্ষক, কর্মচারি ও গভর্নিং বডির সদস্যদের সন্তানদের জন্য, ০.৫% বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বি.কে.এস.পি) এর জন্য এবং ০.৫% প্রবাসীদের সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে। যদি উপর্যুক্ত কোটায় প্রার্থী না পাওয়া যায় তবে সাধারণ কোটার শিক্ষার্থী ভর্তি করা যাবে। মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানদের সনাক্তকরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে। শিক্ষা, বি.কে.এস.পি এবং প্রবাসীদের সন্তান কোটার ক্ষেত্রেও ভর্তির সময় উপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে।
- অনলাইনে আবেদনের জন্য ওয়েব এর ঠিকানা: www.xiclassadmission.gov.bd এছাড়া টেলিটক মোবাইল SMS এর মাধ্যমে আবেদন করা যাবে।
- অনলাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বমোট ৫(পাঁচ)টি এবং সর্বোচ্চ ১০(দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। অনলাইনে মাত্র একবারই আবেদন করতে পারবে। পাশাপাশি এস.এম.এস এর মাধ্যমে প্রতি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য ১২০/- (একশত বিশ) টাকা আবেদন ফি প্রদান সাপেক্ষে একাধিক/সমমানের প্রতিষ্ঠানে পর পর পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। অনলাইনে এবং এস.এম.এস উভয় পদ্ধতিতে সর্বমোট ১০(দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।

সরকারি হরগঙ্গা কলেজে ভর্তির আবেদনের জন্য প্রয়োজনীয় তথ্যাবলী:

- EIIN – 111160, SHIFT- DAY, VERSION- BANGLA
- এস.এস.সি বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ৩.০০ জিপিএ থাকতে হবে
- আসন সংখ্যা- বিজ্ঞান-২৫০, ব্যবসায় শিক্ষা- ৬৭৫, মানবিক- ৭৫০।
- ভর্তির আবেদন ও ফল প্রকাশের সময়সূচী:

ক্র.নং	বিষয়	তারিখ
১.	ভর্তির অনলাইন ও এস.এম.এস আবেদন গ্রহণ (যারা পুনঃ নিরীক্ষণের জন্য আবেদন করবে তাদের ও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে)	০৯/০৫/২০১৭ থেকে ২৬/০৫/২০১৭
২.	ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ	০৫/০৬/২০১৭

মনোনীত শিক্ষার্থীদের ভর্তির সময়সূচী ও অন্যান্য তথ্যসমূহ ০৬/০৬/২০১৭ তারিখে কলেজের ওয়েবসাইট (www.haragangacollege.edu.bd/) ও নোটিশ বোর্ডে প্রদান করা হবে।

প্রফেসর ড. মীর মাহফুজুল হক
অধ্যক্ষ

সরকারি হরগঙ্গা কলেজ

মুন্সীগঞ্জ
সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সীগঞ্জ
আইডি-৪৫১৭